

## জগন্নাথ কলেজের ২০ জন শিক্ষককে বদলী করায় ক্ষোভের সৃষ্টি

॥ জগন্নাথ ভাসিটি রিপোর্টার ॥  
সম্প্রতি উচ্চশিক্ষা পরিদপ্তর জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ২০ জন সিনিয়র অধ্যাপককে একযোগে বদলীর আদেশ জারি করেছে।  
এ আদেশ প্রত্যাহারের দাবীতে কয়েক শ' ছাত্র-ছাত্রী ও ছাত্র সংসদের নেতৃবৃন্দ উচ্চশিক্ষা পরিদপ্তরের মহাপরিচালকের নিকট স্মারকলিপি পেশ করে।  
ছাত্র-ছাত্রীরা ইতিমধ্যে দু'বার তাঁর অফিসে য়েবাও করেছে।  
গত বৃহস্পতিবার কলেজ চত্বরে এক

সভায় ছাত্র সংসদের ভি.পি. জনাব এম. হামান মুখা ও জি.এস. জনাব জাহাঙ্গীর সিকদার জোটন বলেন, শিক্ষক স্বল্পতার কারণে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া পদে পদে বিঘ্নিত হচ্ছে। এ অবস্থায় অভিজ্ঞ শিক্ষকদের একযোগে অন্যত্র বদলী করা শিক্ষার মূলে কুঠারাঘাত ছাড়া কিছু নয়। নেতৃত্বয় এ বদলীকে ষড়যন্ত্র হিসেবে আখ্যায়িত করেছেন।

এ ২০ জন অধ্যাপকের প্রত্যেকেই দেশ-বিদেশের উচ্চতর ডিগ্রীধারী ও বহু গ্রন্থ প্রণেতা। তাঁদের মধ্যে কেউ কেউ দু'য়ুগের অধিককাল ধরে এখানে নিয়োজিত রয়েছেন। কেউ আবার বিভিন্ন বিভাগের প্রতিষ্ঠাতা।

এদিকে কলেজ প্রশাসনের একটি সূত্র বিষয় প্রকাশ করে বলে, একই সাথে এতজন শিক্ষককে বদলীর আদেশ রহস্যজনক। সূত্র জানায়, সম্পূর্ণ বিনা অপরাধে পূর্বের কোন নোটিশ ছাড়াই এদের বদলীর নির্দেশ প্রদান করা হয়েছে। এ নিয়ে কলেজ ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।